দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JUN 1997
পৃষ্ঠা: ১২ কলাম ৪

07

# শিক্ষামন্ত্রীর সহিত শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দের বৈঠক

শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে সরকারী-বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের একটি প্রতিনিধিদল গত মঙ্গলবার সংসদ ভবনে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের সহিত সাক্ষাৎ করেন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ, সুষ্ঠুভাবে পরীক্ষার দায়িত্ব পালন, পদোন্নতি এবং বেসরকারী স্কুল কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের ক্ষেত্রে সরকারী শিক্ষকদের অনুরূপ স্বয়ংক্রিয়ভাবে বেতন ভাতা বৃদ্ধি নিয়া তাহারা শিক্ষামন্ত্রীর সহিত আলোচনা করেন। মন্ত্রী সমস্যা সমাধানের আশ্বাস দেন। প্রতিনিধিদলে ছিলেন সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, শিক্ষক সমিতির সভাপতি মোঃ শহীদুল্লাহ এবং যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক। —প্রেস বিজ্ঞপ্তি